

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

বিষয় : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ইনোভেশন টিমের ১৯.০৬.২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

চিফ ইনোভেশন অফিসার	:	মোঃ মামুনুর রশীদ উপপরিচালক, বিএমডি
তারিখ	:	১৯.০৬.২০১৯
সময়	:	বেলা ২.০০ টা
স্থান	:	বিএমডি-এর সভাকক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভাপতিত্বে ১৯.০৬.২০১৯ তারিখে বিএমডির সভাকক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ বাস্তবায়নের অগ্রগতি ও আগামী ২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

## ২.০ আলোচনা :

২.১ চিফ ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিমের সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএমডিতে উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, বিএমডির ২০১৮-১৯ অর্থবছরে ০৪ টি উদ্ভাবন কর্মপরিকল্পনা ছিল। প্রণীত ০৪ টি উদ্ভাবন কর্মপরিকল্পনার মধ্যে ০৩ টি পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী কর্মসূচি বাস্তবায়নের হার ৭৫ শতাংশ। তিনি আরও উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং বিএমডি-এর কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। বিএমডির দাপ্তরিক সেবাসমূহকে সহজীকরণ ও জনবান্ধব করার নিমিত্ত উদ্ভাবন চর্চা অনুসরণ করা হচ্ছে।

২.২ ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (ভূ-পদার্থ) সভায় জানান যে, বিএমডি-এর উদ্ভাবনী কর্মপরিকল্পনার অংশ হিসাবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর তফসিল ৯, ১০ ও ১৩ অনুযায়ী অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্য দাপ্তরিকভাবে ডিজিটালি বা কম্পিউটারাইজড পদ্ধতিতে সংরক্ষণের নিমিত্ত ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালুর পরিকল্পনাটি সফলভাবে বাস্তবায়ন হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রণীত ০৪ টি উদ্ভাবন কর্মপরিকল্পনার মধ্যে ০৩ টি পরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। ফলে সংশ্লিষ্ট সময়ে উদ্ভাবনী কর্মসূচি বাস্তবায়নের হার ৭৫ শতাংশ। বিএমডির দাপ্তরিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চার গুরুত্ব রয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের অবাস্তবায়িত ১ টি উদ্ভাবনী পরিকল্পনা ভবিষ্যতে বাস্তবায়নসহ আগামী ২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে বিএমডির দাপ্তরিক কর্মকাণ্ড অনুযায়ী নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ ছাড়া সভায় সকল কর্মকর্তার নিকট হতে বিএমডির কার্যক্রমের উপর আগামী ২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য উদ্ভাবনী কর্মসূচি সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করে বিএমডির জন্য বাস্তবায়নযোগ্য কর্মসূচি নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত :

(ক) বিএমডি'র ওয়েব পেইজ, ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ এ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করতে হবে;

(খ) বিএমডি'র কার্যক্রমের উপর আগামী ২০১৯-২০২০ অর্থবছরে জন্য নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে

ও সকল কর্মকর্তার নিকট হতে সম্ভাব্য উদ্ভাবনী কর্মসূচি সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করতে হবে;

(গ) দাপ্তরিক কর্মকাণ্ডে নতুন নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সা:

মোঃ মামুনুর রশীদ

উপপরিচালক

ও

চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন  
কমিটি, বিএমডি

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-১).৪১৫

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৬  
১৯ জুন ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দ.আ-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), সেগুনবাগিচা, ঢাকা;
- ৪। সংশ্লিষ্ট নথি।

  
১৯.০৬.১৯

মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক